# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৫৭

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৭. গর্ভবতী মহিলা যখন রক্ত দেখে

بَاب فِي الْحُبْلَى إِذَا رَأَتْ الدَّمَ

আরবী

أَخْبَرَنَا حَجَّاجٌ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَاصِمٍ الْأَحْوَلِ عَنْ عِكْرِمَةَ فِي هَذِهِ الْآيَةِ اللَّهُ يَعْلَمُ مَا تَحْمِلُ كُلُّ أُنْثَى وَمَا تَغِيضُ الْأَرْحَامُ وَمَا تَزْدَادُ وَكُلُّ شَيْءٍ عِنْدَهُ بِمِقْدَارٍ قَالَ ذَلِكَ الْحَيْضُ عَلَى الْحبَلِ لَا تَحِيضُ يَوْمًا فِي الْحَبَلِ إِلَّا زَادَتْهُ طَاهِرًا فِي حبَلِهَا

إسناده صحيح

বাংলা

৯৫৭. আসিম আল আহওয়াল থেকে বর্ণিত, (اللَّهُ يَعْلَمُ مَا تَحْمِلُ كُلُّ أُنْثَى وَمَا تَغِيضُ الْأَرْحَامُ وَمَا تَزْدَادُ وَكُلُّ شَيْءٍ عِنْدَهُ بِمِقْدَارٍ) অর্থ: “প্রত্যেক নারী যা গর্ভে ধারণ করে এবং জরায়ুতে যা কিছু কমে ও বাড়ে আল্লাহ তা জানেন এবং তাঁর বিধানে প্রত্যেক বস্তুরই এক নির্দিষ্ট পরিমাণ আছে।” (সূরা রা’দ: ৮)- এ আয়াত সম্পর্কে ইকরিমাহ রাহি. বলেন, এ হায়েয হলো গর্ভের জন্য। গর্ভাবস্থায় একদিনের হায়েযও গর্ভাবস্থায় তার পবিত্রতা বাড়িয়ে দেয়।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: তাবারী, আত তাফসীর ১৩/১১১, ইকরিমাহ হতে সহীহ সনদে। তিনি অপর সনদেও ইকরিমাহ হতে এটি বর্ণনা করেছেন।... দেখুন, সামনের ৯৬৫ নং হাদীসটি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আসিম আল আহওয়াল (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76334

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন